গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক ও জনপথ অধিদপ্তর
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
সড়ক বিভাগ, ময়মনসিংহ।

সওজ অধিদপ্তরাধীন সেতুর টোল আদায়ের ইজারা তফসিল

ইজারার বিবরণ: ২০১৮-২০১৯ হতে ২০২০-২০২১ অর্থ বৎসরে ময়মনসিংহ সড়ক বিভাগাধীন ময়মনসিংহ (ডিসি অফিস)-রঘুরামপুর-নেত্রকোণা-মোহনগঞ্জ-জামালগঞ্জ-সুনামগঞ্জ (ময়মনসিংহ অংশ) সড়কের ৩য় কিঃমিঃ এ শম্ভুগঞ্জ সেতুর উপর দিয়ে চলাচলরত যানবাহনের টোল আদায়ের ইজারা।

ইজারা কোটেশন নং-০২/কোঃ/ইই/এমআরডি/২০১৭-২০১৮ (৫ম আহ্বান)

মাসের নাম : মার্চ, বৎসর: ২০১৮

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক ও জনপথ অধিদপ্তর
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়
সড়ক বিভাগ, ময়মনসিংহ

কোটেশন বিক্রির রশিদ

সেতুর নাম ও অবস্থানঃ ময়মনসিংহ (ডিসি অফিস)-রঘুরামপুর-নেত্রকোণা-মোহনগঞ্জ-জামালগঞ্জ-সুনামগঞ্জ (ময়মনসিংহ অংশ) সড়কের ৩য় কিঃমিঃ এ শম্ভুগঞ্জ সেতুর টোল আদায়ের ইজারা।

মেসার্স / জনাব .....এর নিকট বিক্রয় করা হল। টাকার

পরিমাণ (অংকে) ..... (কথায়).....

মানি রিসিপ্ট নং.....তারিখ .....

বিভাগীয় হিসাব রক্ষক/ক্যাশিয়ারের স্বাক্ষর
অফিস সীল

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, সওজ
ময়মনসিংহ সড়ক বিভাগ, ময়মনসিংহ।
☎ : ০৯১-৬৭৬৭৭, ফ্যাক্স : ০৯১-৬৭৬৭৭
E-mail: eemym@rhd.gov.bd

স্মারক নং-৪৭৫ তারিখ-২৮/০৩/২০১৮ইং

"শম্ভুগঞ্জ সেতুর ইজারা কোটেশন আহবান বিজ্ঞপ্তি (৫ম আহ্বান)"

০১।	ইজারা কোটেশন নং	:	ইজারা কোটেশন নং-০২/কোঃ/ইই/এমআরডি/২০১৭-২০১৮ (৫ম আহ্বান)
০২।	ইজারার বিবরণ	:	২০১৮-২০১৯ হতে ২০২০-২০২১ অর্থ বৎসরে ময়মনসিংহ সড়ক বিভাগাধীন ময়মনসিংহ (ডিসি অফিস)-রঘুরামপুর-নেত্রকোণা-মোহনগঞ্জ-জামালগঞ্জ-সুনামগঞ্জ (ময়মনসিংহ অংশ) সড়কের ৩য় কিঃমিঃ এ শম্ভুগঞ্জ সেতুর উপর দিয়ে চলাচলরত যানবাহনের টোল আদায়ের ইজারা।
০৩।	ইজারা চুক্তির মেয়াদ	:	১০/০৮/২০১৮ খ্রি.(০৯/০৮/২০১৮খ্রি. তারিখ দিবাগত রাত ১২:০১ ঘটিকা) হতে ৩০/০৬/২০২১ খ্রি. দিবাগত রাত ১২:০০ ঘটিকা পর্যন্ত (১০৫৫ দিন) অথবা ইজারা চুক্তির তারিখ হতে ৩০শে জুন ২০২১ খ্রি. পর্যন্ত।
০৪।	ইজারা কোটেশনের সিডিউল মূল্য	:	টাঃ ৫০০০.০০ (পাঁচ হাজার টাকা মাত্র)।
০৫।	বায়নার টাকার পরিমাণ	:	ইজারা উদ্ধৃত দরের ১০% (শতকরা দশ ভাগ) নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, ময়মনসিংহ এর অনুকূলে যে কোন তফসিলভূক্ত ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার আকারে ইজারা কোটেশনের সাথে জমা দিতে হবে।
০৬।	ইজারা কোটেশন আহ্বানের তারিখ	:	২৮/০৩/২০১৮ খ্রিস্টাব্দ তারিখ।
০৭।	ইজারা কোটেশন বিক্রয়ের শেষ তারিখ ও সময়	:	১১/০৪/২০১৮ খ্রিস্টাব্দ তারিখ বিকাল ৫.০০ পর্যন্ত (অফিস চলাকালীন সময়)।
০৮।	মুখবন্ধ অবস্থায় ইজারা কোটেশন গ্রহণের শেষ তারিখ ও সময়	:	১২/০৪/২০১৮ খ্রিস্টাব্দ তারিখ দুপুর ১২.৩০ পর্যন্ত।
০৯।	ইজারা ডাকে অংশ গ্রহণের যোগ্যতা	:	ভ্যাট ও আয়কর সনদধারী প্রতিষ্ঠান/নাগরিক, সরকারী /বেসরকারী/ স্বায়ত্তশাসিত সকল প্রতিষ্ঠানের ঠিকাদার।
১০।	যে সকল কার্যালয়ে ইজারা কোটেশন ক্রয়ের জন্য পাওয়া যাবে	:	বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ/ জেলা প্রশাসক ময়মনসিংহ/ নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ, ময়মনসিংহ/ উপ-বিভাগীয় প্রকৌশলী, সওজ, সড়ক উপ-বিভাগ,ময়মনসিংহ
১১।	যে সকল কার্যালয়ে ইজারা কোটেশন মুখবন্ধ অবস্থায় গ্রহণ করা হবে	:	(ক) নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ, ময়মনসিংহ (খ) বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ (গ) জেলা প্রশাসক, ময়মনসিংহ
১২।	ইজারা কোটেশন খোলার স্থান, তারিখ ও সময়	:	স্থানঃ নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক বিভাগ, ময়মনসিংহ তারিখঃ ১২/০৪/২০১৮ খ্রিস্টাব্দ। সময়ঃ ২:০০ ঘটিকা।
১৩।	ইজারা আহ্বানকারী যে কোন সময় যে কোন কোটেশন / সকল কোটেশন বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।		

কোটেশনদাতার স্বাক্ষর
(সীলসহ)

২৮/৩/১৮
(মোহাম্মদ মোফাখ্খারুল ইসলাম)
পরিচিতি নং-৬০২০২৯
উপ-সহকারী প্রকৌশলী, সওজ
সড়ক বিভাগ, ময়মনসিংহ।

২৮/০৩/২০১৮
(মো: আরিফুর রহমান)
পরিচিতি নং-৬০২৩২০
সহকারী প্রকৌশলী(অ:দা:), সওজ
সড়ক বিভাগ, ময়মনসিংহ।

28.3.18
(মো: মাসুদ খান)
পরিচিতি নং-৬০১৯২৬
নির্বাহী প্রকৌশলী, সওজ
সড়ক বিভাগ, ময়মনসিংহ।

স্মারক নং-৪৭৫/(১৫) তারিখঃ-২৮/০৩/২০১৮ইং

বিতরণ

ক) বহুল প্রচার ও আগ্রহী ক্রেতাদের নিকট বিক্রয়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের অনুরোধসহ সহ অনুলিপি প্রেরণ করা হলঃ

০১। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ।

সংযুক্তিঃ- কোটেশন সিডিউল = ৩ (তিন) প্রস্থ ।

০২। জেলা প্রশাসক, ময়মনসিংহ।

সংযুক্তিঃ- কোটেশন সিডিউল = ৩ (তিন) প্রস্থ।

০৩। নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক বিভাগ, কিশোরগঞ্জ/নেত্রকোণা/টাঙ্গাইল/জামালপুর/শেরপুর।

সংযুক্তিঃ- কোটেশন আহবান বিজ্ঞপ্তি = ৩ (তিন) প্রস্থ প্রতি দপ্তরের জন্য।

০৪। উপ-বিভাগীয় প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক উপ-বিভাগ- ময়মনসিংহ।

সংযুক্তিঃ- ইজারা কোটেশন সিডিউল = ৩ (তিন) প্রস্থ প্রতি দপ্তরের জন্য।

খ) সদয় অবগতির জন্য অনুলিপি বিতরন করা হলঃ

০১। প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
সংযুক্তিঃ- কোটেশন সিডিউল = ২ (দুই) প্রস্থ।

০২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ময়মনসিংহ জোন, ময়মনসিংহ।
সংযুক্তিঃ- কোটেশন সিডিউল = ২ (দুই) প্রস্থ।

০৩। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, সড়ক সার্কেল, ময়মনসিংহ।
সংযুক্তিঃ- কোটেশন সিডিউল = ১ (এক) প্রস্থ।

০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, কারখানা সার্কেল, ঢাকা।
সংযুক্তিঃ- কোটেশন সিডিউল = ১ (এক) প্রস্থ।

০৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, প্রকিউরমেন্ট সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
সংযুক্তিঃ- কোটেশন সিডিউল = ১ (এক) প্রস্থ।

০৬। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, রক্ষণাবেক্ষণ সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
সংযুক্তিঃ- কোটেশন সিডিউল = ১ (এক) প্রস্থ।

০৭। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সওজ, এমআইএস এন্ড এষ্টেট সার্কেল, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা।
সংযুক্তিঃ- কোটেশন সিডিউল = ১ (এক) প্রস্থ।

কোটেশনদাতার স্বাক্ষর
(সীলসহ)

(মোহাম্মদ মোফাখ্খারুল ইসলাম)
পরিচিতি নং-৬০২০২৯
উপ-সহকারী প্রকৌশলী, সওজ
সড়ক বিভাগ, ময়মনসিংহ।

(মোঃ আরিফুর রহমান)
পরিচিতি নং-৬০২৩২০
সহকারী প্রকৌশলী(অ:দা:), সওজ
সড়ক বিভাগ, ময়মনসিংহ।

(মোঃ মাসুদ খান)
পরিচিতি নং-৬০১৯২৬
নির্বাহী প্রকৌশলী, সওজ
সড়ক বিভাগ, ময়মনসিংহ।

Government of the People's Republic of Bangladesh
Office of the Executive Engineer, RHD
Mymensingh Road Division, Mymensingh.
☎ : 091-67677, Fax : 091-67677
E-mail: eemym@rhd.gov.bd

Memo No.475/(4) **Date: 28/03/2018**

To,

1) The Manager (Advertisement)
The Dainik Amader Sho moy
118-121 Tejgoan I/A, Dhaka-1208.

2) The Manager (Advertisement),
The Daily Kaler Kantho
Plot-371/A, block-D,Bashundara,
Baridara, Dhaka

3) The Manager (Advertisement),
The News To-day,
Shah Ali Tower (3rd floor), 33 Kawran Bazar,
Dhaka.

4) The Manager (Advertisement),
The Dainik Azker Mymensingh
8/2 Gohail Kandi, Mymensingh.

Subject: Publication of the Invitation for Toll Quotation for vide Invitation No.02/Quo/EE/MRD/2017-2018, dated. 30/01/2018 (5th call)

Enclosed please find herewith the above Invitation of Quotation for immediate publication in your Daily Newspaper for 1 (One) time for wide circulation. You are requested to please send the specimen copy of advertisement to this office for record.

You are requested to kindly ensure that the publication of the said IFT is made on or before *30-03-2018*.

You are also requested to submit the Bill for the above mentioned publication to the Executive Engineer, RHD, Road Division, Mymensingh for payment.

Enclosed : Invitation for Tender = 2(Two) Copies
(Notice Size not over 10" x 3 column)

28.3.18
(Md. Masud Khan)
ID No.601926
Executive Engineer, RHD
Road Division, Mymensingh.
Dated:28-03-2018.

O/C

Memo No.475/2(3)
Copy forwarded for favour of kind information to:

1. The Secretary, Road Transport and Highways Division, Ministry of Road Transport and Bridges, Dhaka.
2. The Chief Engineer, Roads and Highways Department, Sarak Bhaban, Tejgaon, Dhaka.
3. The Director General, Central Procurement Technical Unit (CPTU), IMED, Ministry of Planning, Block-12, Sher-e-Banglanagar, Dhaka.

28.3.18
(Md. Masud Khan)
ID No.601926
Executive Engineer, RHD
Road Division, Mymensingh.
Ph. 091-67677
Dated: 28-03-2018.

O/C

Memo No.475/2(4)(15)
Copy for information and necessary action to:

1. The Additional Chief Engineer, RHD, Mymensingh Zone, Mymensingh.
2. The Superintending Engineer, RHD, Road Circle, Mymensingh/Jamalpur.
3. The Superintending Engineer, RHD, MIS & Estates Circle,/Planning & Programming Circle/Maintenance Circle / Procurement Circle / Planning Monitoring & Evaluation Circle, Sarak Bhaban, Tejgaon, Dhaka.
4. The Executive Engineer, RHD, Road Division, Kishoregonj/Netrokona/Sherpur/Jamalpur/Tangail.
5. Notice Board.
6. Office Copy.

28.3.18
(Md. Masud Khan)
ID No.601926
Executive Engineer, RHD
Road Division, Mymensingh.

O/C

‘কোটেশন দাখিলের নির্দেশাবলী’’

১।	কোটেশনদাতাগণ তাদের কোটেশন মুখবন্ধ খামে সীলগালা অবস্থায় কোটেশন বিজ্ঞপ্তিতে উল্লেখিত স্থানে নির্ধারিত সময়ের মধ্যে দাখিল করবেন।
২।	কোটেশন দাতাগণ তার/তাদের দর কোটেশন তফসীলের নির্ধারিত স্থানে শুদ্ধ এবং স্পষ্টভাবে বাংলাদেশী টাকার অংকে ও কথায় লিপিবদ্ধ করবেন। অংকে ও কথায় উদ্ধৃত দরের মধ্যে কোন রকম অস্পষ্টতা বা পার্থক্য পরিলক্ষিত হলে কথায় উদ্ধৃত দরকে গ্রহন করা হবে। এক্ষেত্রে কোটেশন দাতা তা মেনে নিতে বাধ্য থাকবেন। ইজারার উদ্ধৃত দর সংশোধনের প্রয়োজন হলে তা একটানে কেটে পুনরায় নতুন করে উদ্বৃত দর লিখতে হবে এবং অনুস্বাক্ষর করতে হবে। কোনরুপ ঘষামাঝা/কাটাকাটি বা ফ্লুইড ব্যবহার করা যাবে না।
৩।	কোটেশন দাতাকে তার/তাদের উদ্ধৃত মোট মূল্যের ১০% (শতকরা দশ ভাগ) বায়নার টাকা নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক বিভাগ, ময়মনসিংহ এর অনুকূলে ব্যাংক ড্রাফট / পে-অর্ডার আকারে ইজারা কোটেশনের সাথে জমা দিতে হবে।
৪।	কৃতকার্য ইজারা কোটেশন দাতার সাথে ইজারা চুক্তি সম্পাদনের পর অবশিষ্ট কোটেশনদাতাগণের জমাকৃত বায়নার টাকা বিধি মোতাবেক ফেরৎ প্রদান করা হবে।
৫।	ইজারার নিরাপত্তা/কার্য সম্পাদন জামানত ৬(ছয়) মাসের প্রদেয় ইজারা মূল্যের সমপরিমাণ হবে। উক্ত টাকা কৃতকার্য ইজারাদারকে ইজারা চুক্তি সম্পাদনের পূর্বে নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ, ময়মনসিংহ এর অনুকূলে ব্যাংক ড্রাফট / পে-অর্ডার আকারে জমা দিতে হবে এবং ইজারার মেয়াদ সমাপ্তির পর ফেরৎ প্রদান করা হবে। কৃতকার্য ইজারাদারের টাকা নিরাপত্তা জামানতের সঙ্গে সমন্বয় করা যাবে।
৬।	ইজারার বিপরীতে প্রদেয় আয়কর,ভ্যাট,সারচার্জ,লেভী ইত্যাদি ইজারারদার কর্তৃক পরিশোধিত হবে।
৭।	যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক ইজারাদার অনুমোদনের পর সড়ক ও জনপথ অধিদপ্তরের পক্ষে নির্বাহী প্রকৌশলী,ময়মনসিংহ সড়ক বিভাগ এবং কৃতকার্য ইজারাদারের মধ্যে ইজারা চুক্তি সম্পাদিত হবে। ইজারা কোটেশন বিজ্ঞপ্তি অনুযায়ী ৩০০/= (তিন শত) টাকা মূল্যমানের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিনামা স্বাক্ষর করতে হবে।
৮।	সকল কোটেশন দাতা এবং তাদের প্রতিনিধি এবং তারা বা তাদের পক্ষে অন্য কোন ব্যাক্তি বা ব্যক্তিবর্গ কোন প্রকার দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত, জবরদস্তিমূলক বা অনুরুপ অন্য কোন কর্মকান্ডে জড়িত হবেন না। এ ধরনের কর্মকান্ডে জড়িত হওয়ার প্রমাণ পাওয়া গেলে কোটেশনদাতা / কোটেশন দাতাগণকে উক্ত কোটেশনে বা ভবিষ্যতে অন্য কোন কোটেশনে অংশগ্রহনের অযোগ্য বলে বিবেচনা করা হবে।
৯।	কৃতকার্য ইজারা কোটেশন দাতার উদ্ধৃত মূল্য সমান ১২(বার) কিস্তিতে প্রদান করতে হবে। চুক্তিপত্র স্বাক্ষরের পূর্বে অগ্রিম ১ কিস্তির টোল(৫২ দিনের) + উদ্বৃত মূল্যের ১৫% ভ্যাট + উদ্বৃত মূল্যের ৫% আয়কর সহ মোট মূল্য জমা দিতে হবে। এছাড়া ৬ মাসের ইজারা মূল্যের সমপরিমাণ টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা দিতে হবে।
১০।	বাকী ২য় হতে ১২ম কিস্তির মূল্য একই নিয়মে ইজারা চুক্তির মেয়াদ শুরুর তারিখ হতে যথাক্রমে ৮০ (আশি) দিন, ১৭০ (একশ সত্তর) দিন, ২৬০ (দুইশ ষাট), ৩৫০ (তিনশত পঞ্চাশ) দিন, ৪৪০ (চারশত চল্লিশ) দিন, ৫৩০ (পাঁচশত ত্রিশ) দিন, ৬২০(ছয়শত বিশ) দিন, ৭১০(সাতশত দশ) দিন ও ৮০০(আটশত), ৮৯০(আটশত নব্বই) ও ৯৮০(নয়শত আশি) দিনের মধ্যে জমা দিতে হবে। ব্যর্থতায় চুক্তিপত্র বাতিল বলে গণ্য হবে। ১২তম কিস্তির টাকা নিরাপত্তা জামানতের সাথে সমন্বয় করা যাবে। সেক্ষেত্রে ৬ মাসের নিরাপত্তা জামানতের টাকা সমান দুটি পে-অর্ডারের মাধ্যমে জমা দিতে হবে।
১১।	ইজারা আহ্বানকারী নিজস্ব ক্ষমতাবলে এই কোটেশন ২য় বার, ৩য় বার অথবা পরবর্তী সময় পুনরায় আহবান করতে পারবেন। কোটেশন দাতাগণ যারা পূর্ববর্তী আহবানে অংশ গ্রহণ করেছেন তারা ইতোপূর্বে আহবানে দাখিলকৃত জামানতের অতিরিক্ত জামানতসহ পরবর্তী আহবানের কোটেশনে অংশগ্রহণ করতে পারবেন। তবে কোন অবস্থাতেই ১ম বারের উদ্ধৃত দরের চেয়ে কম মূল্য উদ্ধৃত দরে কোটেশন দাখিল করতে পারবেন না। চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের পর অকৃতকার্য কোটেশন দাতার জামানতের টাকা ফেরৎ দেয়া হবে। ১ম বার, ২য় বার, ৩য় বার এবং পরবর্তী আহবানের সকল কোটেশন দাতার কোটেশন একই সাথে তুলনামূলক বিবরণীতে বিবেচনা করে তার/তাদের স্থান নির্ধারণ করা হবে।
১২।	কোটেশনে লিখিত ঠিকানা অনুযায়ী কোটেশন দাতার সাথে সকল প্রকার যোগাযোগ করা হবে। ঠিকানা পরিবর্তন হলে কোটেশন দাতা স্বয়ং হাজির হয়ে পরিবর্তিত ঠিকানা কোটেশনে লিখিতভাবে নির্বাহী প্রকৌশলীকে অবহিত করবেন। পত্র না পাওয়ার অজুহাত অত্র দপ্তরের নিকট গ্রহণযোগ্য হবে না।
১৩।	কোটেশন দাখিলের দিন হতে ১৮০ (এক শত আশি) দিনের মধ্যে কোটেশন নিষ্পত্তি না হলে কোটেশনদাতা লিখিত আবেদন করে কোটেশন প্রক্রিয়া হতে অব্যহতি নিতে পারবেন এবং বায়নার টাকা ফেরৎ নিতে পারবেন।

কোটেশনদাতার স্বাক্ষর
(সীলসহ)

২৮/৩/১৮
(মোহাম্মদ মোফাখ্খারুল ইসলাম)
পরিচিতি নং-৬০২০২৯
উপ-সহকারী প্রকৌশলী, সওজ
সড়ক বিভাগ, ময়মনসিংহ।

২৮/০৩/২০১৮
(মো: আরিফুর রহমান)
পরিচিতি নং-৬০২৩২০
সহকারী প্রকৌশলী(অ:দা:), সওজ
সড়ক বিভাগ, ময়মনসিংহ।

২৮.৩.১৮
(মো: মাসুদ খান)
পরিচিতি নং-৬০১৯২৬
নির্বাহী প্রকৌশলী, সওজ
সড়ক বিভাগ, ময়মনসিংহ।

১৪।	কোন অবস্থাতেই টোল আদায়ের জন্য ইজারাদার কর্তৃক অন্য কোন ব্যক্তির নিকট পুনরায় সাব-ইজারা দেওয়া যাবে না এবং প্রমাণিত হলে মূল ইজারা বাতিল করে সরকার টোল আদায়ের দায়িত্বভার গ্রহণ করবেন এবং জামানতের টাকা বাজেয়াপ্ত করা হবে।
১৫।	কোটেশন দাখিলের সময় ভ্যাট রেজিষ্ট্রেশন সার্টিফিকেট, হালনাগাদ টিআইএন সার্টিফিকেট, আয়কর প্রদানের হালনাগাদ প্রত্যয়নপত্র দাখিল করতে হবে। অন্যথায় কোটেশন বাতিল বলে গণ্য হবে।
১৬।	কোটেশন দাতাকে কোটেশনের সঙ্গে তার ব্যাংক একাউন্ট নম্বর অবশ্যই উল্লেখ করতে হবে এবং ব্যাংক হিসাব যিনি পরিচালনা করবেন, তার ঠিকানা সম্বলিত ব্যাংকের ম্যানেজারের একটি প্রত্যয়নপত্রের সত্যায়িত কপি কোটেশনের সঙ্গে সন্নিবেশিত করতে হবে।
১৭।	সরকার কর্তৃক আয়কর ও ভ্যাট এর হার পরিবর্তিত হলে ইজারাদার তা মেনে নিতে এবং পরিবর্তিত হারে পরিশোধ করতে বাধ্য থাকবেন।
১৮।	কোটেশন দাখিলের পূর্বে কোটেশনদাতা মনে করলে সেতুস্থল পরিদর্শন করতে পারেন এবং প্রয়োজন মনে করলে সেতুতে পারাপারকারী যানবাহনের সংখ্যা যাচাই করে দেখতে পারেন। পরবর্তীতে পারাপারকারী যানবাহনের পরিমাণ/সংখ্যা সংক্রান্ত কোন ওজর আপত্তি গ্রহণযোগ্য হবে না।
১৯।	সেতুর নিকটবর্তী সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতা বহির্ভূত কোন স্থানে সড়ক ও জনপথ অধিদপ্তর/ স্থানীয় সরকারের কোন কর্তৃপক্ষ/ জেলা পরিষদ/ উপজেলা পরিষদ/ ইউনিয়ন পরিষদ/ পৌরসভা অথবা অন্য কোন ব্যক্তি বা গোষ্ঠী কর্তৃক নির্মিত সড়ক ও সেতুর মাধ্যমে বা অন্য কোন কারণে যাত্রী বা মালামাল পারাপার করা হলে বা এ সেতুতে যানবাহন কমে যেতে পারে বিবেচনায় এনে ইজারা ডাকে অংশ গ্রহণ করতে হবে। এ ব্যাপারে পরবর্তীতে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না। ইজারাদার কোন প্রকার ক্ষতিপূরণ দাবী করতে পারবেন না।
২০।	হরতাল, অবরোধ অথবা অন্য কোন রাজনৈতিক/সামাজিক/প্রাকৃতিক কারণে ফেরি চলাচল / যানবাহন পারাপার বন্ধ থাকলে ইজারাদার সরকারের নিকট কোন প্রকার ক্ষতিপূরণ দাবী করতে পারবেন না।
২১।	এই কোটেশনে সংযোজিত চুক্তির শর্তাবলী কোটেশনের অবিচ্ছেদ্য অংগ বলে বিবেচিত হবে।
২২।	সেতুতে চলাচলকারী যানবাহনের নিরাপত্তার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ ইজারাদারের দায়িত্ব।
২৩।	ইজারাদার সেতুতে চলাচলকারী যানবাহনের নিরাপত্তা বিধানে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

কোটেশনদাতার স্বাক্ষর
(সীলসহ)

২৮/৩/১৮
(মোহাম্মদ মোফাখ্খারুল ইসলাম)
পরিচিতি নং-৬০২০২৯
উপ-সহকারী প্রকৌশলী, সওজ
সড়ক বিভাগ, ময়মনসিংহ।

২৮/০৩/২০১৮
(মোঃ আরিফুর রহমান)
পরিচিতি নং-৬০২৩২০
সহকারী প্রকৌশলী(অ:দা:), সওজ
সড়ক বিভাগ, ময়মনসিংহ।

২৮.৩.১৮
(মোঃ মাসুদ খান)
পরিচিতি নং-৬০১৯২৬
নির্বাহী প্রকৌশলী, সওজ
সড়ক বিভাগ, ময়মনসিংহ।

ইজারা চুক্তির শর্তাবলী

১।	ইজারার মেয়াদ ২(দুই) বছর ১০ মাস ১০ দিন অথবা চুক্তির তারিখ হতে ৩০ জুন ২০২১ সাল পর্যন্ত। তবে কোন কারণে সেতুর উপর টোল আদায় সরকার বন্ধ ঘোষণা করলে কার্যাদেশ প্রদানের তারিখ হতে সময়ের আনুপাতিক হারে কিস্তির টাকা গ্রহন করা হবে। এই ব্যাপারে ইজারাদারের কোন আপত্তি গ্রহণযোগ্য হবে না। সরকারের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
২।	ইজারাদার অত্র অফিস কর্তৃক অনুমোদিত নির্দিষ্ট মূল্যমানের, নির্দিষ্ট রং এর টিকেট ছাপাবেন এবং টোল আদায় করে যানবাহনের চালককে অবশ্যই টিকিট প্রদান করবেন। টোল আদায়ের জন্য ইজারাদার পর্যাপ্ত সংখ্যক লোকবল নিয়োগ করবেন। টিকেট ছাড়া টোল আদায় করা যাবে না।
৩।	নির্দিষ্ট হারে টোল আদায় করা এবং যানবাহন নিয়ন্ত্রণ করা ইজারাদারের দায়িত্ব। প্রয়োজনে ইজারাদার আইনের আশ্রয় নিবেন। আইন শৃঙ্খলা রক্ষা বা নিরাপত্তার প্রয়োজনে আনসার বা নিরাপত্তা বাহিনী নিয়োগের প্রয়োজন হলে তার যাবতীয় খরচ ইজারাদার বহন করবেন।
৪।	সেতুতে যদি সড়ক ও জনপথ অধিদপ্তর অধিদপ্তরের কোন টোল ঘর বা সেড না থাকে সেক্ষেত্রে ইজারাদাকে সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী, সড়ক বিভাগ এর সাথে আলোচনা করে নিজ খরচে প্রয়োজনীয় টোল অফিস, টোল পোষ্ট ও অন্যান্য যাবতীয় প্রয়োজনীয় স্থাপনা তৈরী ও রক্ষণাবেক্ষণ করবেন এবং ইজারা চুক্তির সময়-সীমা অতিক্রান্ত হওয়ার পর ৩ (তিন) দিনের মধ্যে নিজ খরচে টোল অফিস, টোল পোষ্ট ইত্যাদি সম্পূর্ণরূপে সরিয়ে নিবেন। যদি উক্ত সময়ের মধ্যে ইজারাদার তার স্থাপনা সরিয়ে নিতে ব্যর্থ হন, তাহলে সরকার উহা সরিয়ে ফেলবেন এবং সমুদয় মালামাল বাজেয়াপ্ত করবেন।
৫।	ইজারাদার সেতুর উপর দিয়ে সার্বক্ষনিক যান চলাচল নিশ্চিত করবে।
৬।	সেতু সবসময় পরিস্কার রাখতে হবে যাতে কোন প্রকার ময়লা আবর্জনা না থাকে। সেতুর টোল প্লাজায় টয়লেট পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে হবে এবং যাত্রি সাধারণের জন্য টয়লেট ব্যবহার করার ব্যবস্থা রাখতে হবে।
৭।	সেতুর উপর টোল আদায়ের জন্য কোন প্রকার স্পীড ব্রেকার দেয়া যাবে না।
৮।	ইজারাদার সেতুতে তার নিয়োজিত লোকজনের জন্য অনুমোদিত রংয়ের ইউনিফর্ম সরবরাহ করবেন এবং ব্যবহার নিশ্চিত করবেন।
৯।	হরতাল, অবরোধ অথবা অন্য কোন রাজনৈতিক/সামাজিক/প্রাকৃতিক কারণে সেতুর উপর দিয়ে যান চলাচল বন্ধ থাকলে ইজারাদার সরকারের নিকট কোন প্রকার ক্ষতিপূরণ দাবী করতে পারবেন না।
১০।	ইজারাদার সেতুর যানবাহনের নিরাপত্তার জন্য সর্বাত্মক ব্যবস্থা গ্রহণ করবেন। ইজারাদার ঝড়, বৃষ্টি, সাইক্লোন, শিলাবৃষ্টি, ঘূর্ণীঝড়ের সময় সেতুতে যাতে কোনরূপ ক্ষতিসাধন না হয় তা নিশ্চিত করবেন এবং সার্বিক নিরাপত্তা বিধান করবেন।
১১।	ইজারাদার তার নিজস্ব ব্যবস্থাপনায় ও খরচে সাইন, সিগন্যাল তৈরী করবেন এবং বাংলা ও ইংরেজীতে অনুমোদিত টোল হারের তালিকা সেতুর উভয় পাড়ে দৃষ্টিগোচর হয় এমনস্থানে পরিস্কার ও সুস্পষ্টভাবে উল্লেখপূর্বক সাইন বোর্ড স্থাপন করবেন।
১২।	ইজারাদার কোন কিস্তির টাকা নির্ধারিত সময়ের মধ্যে পরিশোধ করতে না পারলে নির্ধারিত সময়ের পরবর্তী দিবসে কোন প্রকার নোটিশ বা বিজ্ঞপ্তি ছাড়াই সম্পাদিত চুক্তি বাতিল করা যাবে। নির্ধারিত তারিখে যদি অফিস ছুটি বা অন্য কোন কারণে ব্যাংক বন্ধ থাকে তবে তার আগের খোলার দিন নির্ধারিত দিন বলে গণ্য হবে। ইজারাদারের ব্যর্থতায় নির্বাহী প্রকৌশলী, ময়মনসিংহ সড়ক বিভাগ অথবা সরকার মনোনীত অন্য কোন কর্মকর্তা টোল আদায়ের অধিকার গ্রহণ করবেন।
১৩।	সরকারী নির্ধারিত হারে সকল প্রকার শুল্ক, ভ্যাট ও আয়কর ইত্যাদি ইজারাদারকে প্রদান করতে হবে। ইজারাদার সরকার কর্তৃক বৎসরের যে কোন সময় জারীকৃত নতুন হারে আয়কর/ভ্যাট দিতে বাধ্য থাকবেন এবং পরবর্তীতে সরকার কর্তৃক শুল্ক, কর বৃদ্ধি করা হলে উহাও পরিশোধ করতে বাধ্য থাকবেন।
১৪।	ইজারাদার যদি ইচ্ছাকৃতভাবে নির্ধারিত টোল হার গোপন অথবা রদবদল করেন অথবা নির্ধারিত হারের অতিরিক্ত টোল দাবী করেন/আদায় করেন তাহলে সড়ক ও জনপথ অধিদপ্তর অধিদপ্তর ইজারা বাতিলসহ তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবেন।
১৫।	<u>নিম্নেবর্ণিত যানবাহনসমূহ বিনা টোলে সেতু পারাপার করতে পারবেঃ</u> ১। (ক)সরকারী অধিক্ষেত্রের মধ্যে চলাচলকারী সরকারী কাজে নিয়োজিত জেলা প্রশাসন ও পুলিশ প্রশাসন এর গাড়ী সমূহ। (খ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ফায়ার ফাইটিং গাড়ী ও সরকারী অধিক্ষেত্রের মধ্যে চলাচলকারী এ্যাম্বুলেন্স (গ) সড়ক ও জনপথ অধিদপ্তরের সকল প্রকার গাড়ী ও রাস্তা তৈরী ও রাস্তা মেরামত ও রক্ষণাবেক্ষণ কাজের নিয়োজিত সংশ্লিষ্ট নির্বাহী প্রকৌশলী ও উপ-বিভাগীয় প্রকৌশলী কর্তৃক অনুমতি প্রদানকৃত সরঞ্জামাদি/ট্রাক এবং সড়ক ও জনপথ অধিদপ্তর এর মালিকানাধীন সরঞ্জামাদি উপরোক্ত তালিকা সরকারী নির্দেশ অনুযায়ী পরিবর্তিত হতে পারে। (ঘ) যুদ্ধাহত মুক্তিযোদ্ধাগণ পরিচয়পত্র প্রদর্শন করে ব্যক্তিগত গাড়ীতে টোল অব্যাহতি পাবেন।

কোটেশনদাতার স্বাক্ষর
(সীলসহ)

(মোহাম্মদ মোফাখ্খারুল ইসলাম)
পরিচিতি নং-৬০২০২৯
উপ-সহকারী প্রকৌশলী, সওজ
সড়ক বিভাগ, ময়মনসিংহ।

(মো: আরিফুর রহমান)
পরিচিতি নং-৬০২৩২০
সহকারী প্রকৌশলী(অ:দা:), সওজ
সড়ক বিভাগ, ময়মনসিংহ।

(মো: মাসুদ খান)
পরিচিতি নং-৬০১৯২৬
নির্বাহী প্রকৌশলী, সওজ
সড়ক বিভাগ, ময়মনসিংহ।

১৬।	ইজারাদার প্রতিদিন সেতু দিয়ে পারাপারকারী সকল প্রকার যানবাহনের রেজিষ্ট্রেশন নম্বর, টোল প্রদানের টিকেট নম্বর, অতিক্রমের সময়, টোল আদায়ের পরিমাণ ইত্যাদি রেজিষ্টারে লিপিবদ্ধ করে তা সংরক্ষণ করবেন এবং ১৫ দিন অন্তর অন্তর নির্ধারিত ছকে যানবাহনের হিসাব সংশ্লিষ্ট উপ-বিভাগীয় প্রকৌশলীর অফিসে জমা দিবেন।
১৭।	ইজারাদার টোল আদায়ের সময় যদি কোন প্রকার অপ্রীতিকর পরিস্থিতির সম্মুখীন হন তাহলে তাৎক্ষনিকভাবে নিকটস্থ আইনশৃংখলা বাহিনীকে অবহিত করবেন এবং প্রতিকারের ব্যবস্থা নিবেন। কোনক্রমেই আইনকে নিজের হাতে তুলে নিতে পারবেন না।
১৮।	সেতুর টোল প্লাজার বিদ্যুৎ বিলসহ যাবতীয় খরচাদি ইজারাদার বহণ করবেন। যেখানে বিদ্যুতের কোন ব্যবস্থা নাই সেখানে নিজ খরচে ইজারাদারকে আলোর ব্যবস্থা করতে হবে। তবে সেতুর লাইট পোষ্টের বিদ্যুৎ খরচ সড়ক ও জনপথ অধিদপ্তর অধিদপ্তর কর্তৃক বহন করা হবে।
১৯।	টোল অফিস ও নিয়ন্ত্রণ পোষ্টের যাবতীয় পরিচালনা ও নিরাপত্তা ব্যবস্থা ইজারাদার নিজ খরচে বহন করবেন।
২০।	সেতুতে কর্মরত সড়ক ও জনপথ অধিদপ্তর এর কোন কর্মচারীর সহিত ইজারাদারের কোন বিষয়ে মতানৈক্য হলে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করে ব্যবস্থা গ্রহণ করতে হবে।
২১।	এই ইজারা চুক্তির ব্যাপারে কোনরূপ জটিলতা দেখা দিলে ইহার জন্য তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক সার্কেল, ময়মনসিংহ সিদ্ধান্ত উভয় পক্ষের জন্যই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
২২।	সেতুর নিকটবর্তী সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতা বহির্ভূত কোন স্থানে সড়ক ও জনপথ অধিদপ্তর/ স্থানীয় সরকারের কোন কর্তৃপক্ষ/ জেলা পরিষদ/ উপজেলা পরিষদ/ ইউনিয়ন পরিষদ/ পৌরসভা অথবা অন্য কোন ব্যক্তি বা গোষ্ঠী কর্তৃক নির্মিত সড়ক ও সেতুর মাধ্যমে বা অন্য কোন কারণে যাত্রী বা মালামাল পারাপার করা হলে বা এ সেতুতে যানবাহন কমে গেলে এ ব্যাপারে পরবর্তীতে কোন প্রকার আপত্তি গ্রহণযোগ্য হবে না। ইজারাদার কোন প্রকার ক্ষতিপূরণ দাবী করতে পারবেন না।
২৩।	এই ইজারা সংক্রান্ত সকল কার্যক্রম টোল নীতিমালা ২০১৪ এর আলোকে হবে। এই ইজারার কোন শর্ত টোল নীতিমালা ২০১৪ এর সাথে সাংঘর্ষিক হলে টোল নীতিমালা ২০১৪ প্রাধান্য পাবে।
২৪।	ইজারা চুক্তির শর্তাবলীর যে কোন শর্ত ইজারাদার কর্তৃক ভঙ্গ করা হলে ইজারা চুক্তি বাতিলসহ সর্বোচ্চ জামানতের টাকার পরিমাণ জরিমানা করা যেতে পারে।
২৫।	চুক্তিনামায় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে নির্বাহী প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, ময়মনসিংহ সড়ক বিভাগ, প্রতিনিধিত্ব করবেন।
২৬।	সরকার যুক্তিসংগত কারণে ১ মাসের নোটিশ প্রদান করে যে কোন সময় চুক্তি বাতিল করতে পারবেন।
২৭।	উপরে বর্ণিত সকল শর্তাবলী ইজারা চুক্তিপত্রের অবিচ্ছেদ্য অংশ হিসেবে গণ্য হবে।

কোটেশনদাতার স্বাক্ষর
(সীলসহ)

২৮/৩/১৮
(মোহাম্মদ মোফাখ্খারুল ইসলাম)
পরিচিতি নং-৬০২০২৯
উপ-সহকারী প্রকৌশলী, সওজ
সড়ক বিভাগ, ময়মনসিংহ।

২৮/০৩/২০১৮
(মোঃ আরিফুর রহমান)
পরিচিতি নং-৬০২৩২০
সহকারী প্রকৌশলী(অ:দা:), সওজ
সড়ক বিভাগ, ময়মনসিংহ।

২৮.৩.১৮
(মোঃ মাসুদ খান)
পরিচিতি নং-৬০১৯২৬
নির্বাহী প্রকৌশলী, সওজ
সড়ক বিভাগ, ময়মনসিংহ।

ময়মনসিংহ সড়ক বিভাগাধীন শম্ভুগঞ্জ সেতুর
এক পাড় হইতে অন্য পাড়ে পারাপারের টোলের তালিকাঃ

যান বাহনের শ্রেনী	যানবাহনের ধরন	যানবাহনের বর্ণনা	যানবাহনের টোলের হার	টিকেটের রং	মন্তব্য
ক	ট্রেইলার(বোঝাই/খালি)	কন্টেনার/ ভারী যন্ত্রপাতি/ ভারী মালামাল/সরঞ্জাম পরিবহনে সক্ষম যান	২৫০.০০	লাল	
খ	হেভী ট্রাক (বোঝাই/খালি)	তিন বা ততোধিক এক্সেল বিশিষ্ট ট্রাক, কাভার্ড ট্রাক/ ভ্যান, কন্টেনারবাহী ট্রাক, রেকার, ক্রেন এবং অন্যান্য আর্টিকুলেটেড যানবাহন	১৩৫.০০	লাল	
গ	মিডিয়াম ট্রাক (বোঝাই/খালি)	দুই এক্সেল বিশিষ্ট রিজিড ট্রাক/ বানিজ্যিক কাজে ব্যবহৃত ট্রাকটর ট্রেইলর	১০০.০০	লাল	
ঘ	বড় বাস(বোঝাই/খালি)	চালক ব্যতীত ৩১ অথবা তদুর্ধ্ব আসন বিশিষ্ট মোটরযান	৬৫.০০	সবুজ	
ঙ	মিনি ট্রাক(বোঝাই/খালি)	৩ টন পর্যন্ত পে লোড ধারেন সক্ষম যানবাহন	৭৫.০০	লাল	
চ	কৃষি কাজে ব্যবহৃত যান(বোঝাই/খালি)	পাওয়ার ট্রিলার ট্রাক্টর ইত্যাদি	৬০.০০	লাল	
ছ	মিনি বাস/কোষ্টার (বোঝাই/খালি)	চালক ব্যতীত অনধিক ৩০ জন যাত্রী বাহনের উপযোগী মোটরযান	৩৫.০০	সবুজ	
জ	মাইক্রোবাস (বোঝাই/খালি)	চালক ব্যতীত অনুন্য ৮ এবং অনধিক ১৫ জন যাত্রী বহনের উপযোগী মোটরযান	৪০.০০	হলুদ	
ঝ	ফোর হুইল চালিত যানবাহন(বোঝাই/খালি)	পিকআপ, কনভারশনকৃত জীপ ইত্যাদি	৪০.০০	হলুদ	
ঞ	সিডান কার (বোঝাই/খালি)	ব্যক্তিগত এবং ভাড়ায়চালিত সকল সিডান কার	২০.০০	হলুদ	
ট	৩/৪ চাকার মোটরাইজড যান(বোঝাই/খালি)	অটো টেম্পো, সিনএনজি অটোরিক্সা, অটোভ্যান, ব্যাটারীচালিত ৩/৪ চাকায় যে কোন ধরনের মোটরাইজড যান	১০.০০	হলুদ	
ঠ	মটরসাইকেল	দুই চাকা বিশিষ্ট যন্ত্রচালিত যান	৫.০০	সাদা	

কোটেশনদাতার স্বাক্ষর
(সীলসহ)

২৮/৩/২৪
(মোহাম্মদ মোফাখ্খারুল ইসলাম)
পরিচিতি নং-৬০২০২৯
উপ-সহকারী প্রকৌশলী, সওজ
সড়ক বিভাগ, ময়মনসিংহ।

২৮/০৩/২০২৪
(মোঃ আরিফুর রহমান)
পরিচিতি নং-৬০২৩২০
সহকারী প্রকৌশলী(অ:দা:), সওজ
সড়ক বিভাগ, ময়মনসিংহ।

(মোঃ মাসুদ খান)
পরিচিতি নং-৬০১৯২৬
নির্বাহী প্রকৌশলী, সওজ
সড়ক বিভাগ, ময়মনসিংহ।

অঙ্গীকারনামা

আমি এই মর্মে অঙ্গীকার করছি যে, আমিঃ

১. টোল নীতিমালা ২০১৪, কোটেশন দাখিলের নির্দেশাবলী, কোটেশন চুক্তির শর্তাবলী সম্পর্কে সম্পূর্ণ অবগত আছি এবং মেনে চলব।

২. অবগত আছি যে ইজারার কোটেশনে উল্লেখিত মেয়াদ পর্যন্ত কোটেশনটি বলবৎ থাকবে। আমি এও অবগত আছি যে,ইজারা

৩. আহ্বানকারী যে কোন সময় যে কোন কোটেশন / সকল কোটেশন বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

৪. কোটেশন দাখিলের নির্দেশাবলীতে উল্লেখিত ভ্যাট ও আইটি সংক্রান্ত ৬,৭ ও ১৮ নং নির্দেশাবলী মেনে চলব।

৫. কোটেশন দাখিলের নির্দেশাবলীতে উল্লেখিত নিরাপত্তা জামানত সংক্রান্ত ৫নং নির্দেশাবলী মেনে চলব।

৬. কোটেশন দাখিলের নির্দেশাবলীতে উল্লেখিত সাব ইজারা সংক্রান্ত ১৩নং নির্দেশাবলী মেনে চলব।

কোটেশনদাতার স্বাক্ষর
(সীলসহ)

কোটেশনদাতার স্বাক্ষর
(সীলসহ)

২৮/৩/১৮
(মোহাম্মদ মোফাখ্খারুল ইসলাম)
পরিচিতি নং-৬০২০২৯
উপ-সহকারী প্রকৌশলী, সওজ
সড়ক বিভাগ, ময়মনসিংহ।

২৮/০৩/২০১৮
(মোঃ আরিফুর রহমান)
পরিচিতি নং-৬০২৩২০
সহকারী প্রকৌশলী(অ:দা:), সওজ
সড়ক বিভাগ, ময়মনসিংহ।

২৮.৩.১৮
(মোঃ মাসুদ খান)
পরিচিতি নং-৬০১৯২৬
নির্বাহী প্রকৌশলী, সওজ
সড়ক বিভাগ, ময়মনসিংহ।

প্রত্যয়ন পত্র

আমি / আমরা ..... এই মর্মে প্রত্যয়ন করছি যে, কোটেশনে আমার উদ্ধৃত তথ্যাদি সঠিক এবং সত্য। যদি কোন তথ্য বা তথ্যাদি অসত্য বলে প্রমাণিত হয়, তবে কোটেশন নাকচ করে সরকারের অনুকূলে বায়নার (উদ্ধৃত দরের ১০%) টাকা বাজেয়াপ্ত করা যাবে এবং আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে। আমি / আমরা সিডিউলের শর্তাবলী ইত্যাদি সম্পুর্ণরূপে পড়েছি এবং সম্পূর্ন সুস্থ অবস্থায় সরেজমিনে যাচাই করে স্বজ্ঞানে অন্যের প্ররোচনার বশবর্তী না হয়ে অত্র কোটেশনের দর উদ্ধৃত করলাম। আমি আরও প্রত্যয়ন করছি যে এ ইজারায় সফল দরদাতা হলে ৬ মাসের ইজারা মূল্যের সমপরিমাণ টাকা নিরাপত্তা জামানত হিসেবে জমা প্রদান করব।

কোটেশনদাতার স্বাক্ষর
(সীলসহ)

কোটেশনদাতার স্বাক্ষর
(সীলসহ)

২৮/৩/১৮
(মোহাম্মদ মোফাখ্খারুল ইসলাম)
পরিচিতি নং-৬০২০২৯
উপ-সহকারী প্রকৌশলী, সওজ
সড়ক বিভাগ, ময়মনসিংহ।

২৮/০৩/২০১৮
(মো: আরিফুর রহমান)
পরিচিতি নং-৬০২৩২০
সহকারী প্রকৌশলী(অ:দা:), সওজ
সড়ক বিভাগ, ময়মনসিংহ।

28.3.18
(মো: মাসুদ খান)
পরিচিতি নং-৬০১৯২৬
নির্বাহী প্রকৌশলী, সওজ
সড়ক বিভাগ, ময়মনসিংহ।

কোটেশনদাতা কর্তৃক দর উদ্ধৃতির ফরম

(ক্রয়কারী কর্তৃক পূরণীয়)

কোটেশন বিজ্ঞপ্তি নং-০২/কোঃ/ইই/এমআরডি/২০১৭-২০১৮

কাজের নামঃ- ২০১৮-২০১৯ হতে ২০২০-২০২১ অর্থ বৎসরে ময়মনসিংহ সড়ক বিভাগাধীন ময়মনসিংহ(ডিসি অফিস)-রঘুরামপুর-নেত্রকোণা-মোহনগঞ্জ-জামালগঞ্জ-সুনামগঞ্জ (ময়মনসিংহ অংশ) সড়কের ৩য় কিঃমিঃ এ শম্ভুগঞ্জ সেতুর উপর দিয়ে চলাচলরত যানবাহনের টোল আদায়ের ইজারা

(ক্রয়কারী কর্তৃক পূরণীয়)

ইজারা কোটেশনদাতাকে নিম্নোক্ত ছকে দর উদ্ধৃত করতে হবে।

(ইজারার মেয়াদ: ২ বৎসর ১০ মাস ২০ দিন)

ক্রমিক নং	বিবরণ	টাকার পরিমাণ (অংকে)	টাকার পরিমাণ (কথায়)
০১।	উদ্ধৃত টাকার পরিমাণ		
০২।	উদ্ধৃত টাকার উপর ১৫% (শতকরা পনের ভাগ) ভ্যাট		
০৩।	উদ্ধৃত টাকার উপর ৫% (শতকরা পাঁচ ভাগ) আয়কর		
	মোটঃ-		

ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নং ও তারিখ :.....

টাকার পরিমাণ (অংকে) :.....

কথায়) :.....

ব্যাংকের নাম ও শাখা :.....

ভ্যাট রেজিষ্টেশন নম্বর :.....

ETIN নম্বর :.....

কোটেশনদাতার নাম ও স্বাক্ষরঃ.....

কোটেশনদাতার জাতীয় পরিচয় পত্র নম্বরঃ.....

বর্তমান ঠিকানাঃ.....

.....

.....

বিঃদ্রঃ ১। অংক ও কথায় লেখা মূল্যের মধ্যে পার্থক্য হলে কথায় লেখা মূল্য সঠিক বলে ধরা হবে।

২। ইজারা মূল্যের ১৫% ভ্যাট এবং ইজারা মূল্যের ৫% আয়কর হবে। কোটেশনদাতা যদি ভ্যাট এবং আয়কর এর কোনটি অথবা উভয়টি কম/বেশী উদ্ধৃত করেন তবে কোটেশন আহবানকারী কর্তৃপক্ষ কোটেশন মূল্যায়নের / পরীক্ষার সময় উহা সংশোধন করবেন, যা কোটেশনদাতা মানতে বাধ্য থাকবেন। এ ব্যাপারে কোন রকম আপত্তি গ্রহণযোগ্য হবে না।

কোটেশনদাতার স্বাক্ষর (সীলসহ)

২৮/৩/১৮
(মোহাম্মদ মোফাখ্খারুল ইসলাম)
পরিচিতি নং-৬০২০২৯
উপ-সহকারী প্রকৌশলী, সওজ
সড়ক বিভাগ, ময়মনসিংহ।

২৮/০৩/২০১৮
(মো: আরিফুর রহমান)
পরিচিতি নং-৬০২৩২০
সহকারী প্রকৌশলী(অ:দা:), সওজ
সড়ক বিভাগ, ময়মনসিংহ।

২৮.৩.১৮
(মো: মাসুদ খান)
পরিচিতি নং-৬০১৯২৬
নির্বাহী প্রকৌশলী, সওজ
সড়ক বিভাগ, ময়মনসিংহ।